গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

স্মারক নং-৪৪.০৪.০০০০.০২৬.০১.০০৪.২৬- ১১৯

তারিখঃ ১৩ বৈশাখ ১৪৩৩
২৬ এপ্রিল ২০২৬

বিষয়: বাংলাদেশ জেল ইনসিগনিয়া ব্যবহার নীতিমালা-২০২৬ প্রেরণ প্রসঙ্গে

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জেল এ কর্মরত ইউনিফর্মধারী কর্মকর্তা/কর্মচারীবৃন্দের জন্য প্রণীত বাংলাদেশ জেল ইনসিগনিয়া ব্যবহার নীতিমালা-২০২৬ এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ইনসিগনিয়া ব্যবহার নীতিমালা... ০৪(চার) পাতা।

মেছবাইল আলম সেলিম
কর্নেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
addl.ig.ops@prison.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
২। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৩। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগারঃ
৪। জেল সুপার, সকল জেলা কারাগার।
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পিআইইউ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রকাশের জন্য),কারা অধিদপ্তর, ঢাকা।
৭। ডেপুটি জেলার (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৮। বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/প্রশাসনিক কর্মকর্তা (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
৯। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক
মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।

# কারা মহাপরিদর্শক কর্তৃক প্রদত্ত ইনসিগনিয়া ব্যবহার নীতিমালা-২০২৬

ইনসিগনিয়া জেল বিভাগের দায়িত্ব, কর্তৃত্ব, সম্মান বা কোন নির্দিষ্ট সংস্থার সাথে সম্পৃক্ততা নির্দেশকারী বিশেষ প্রতীক হিসেবে ব্যবহৃত হবে। সকল কারা কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে শৃঙ্খলা সুসংহত রাখা, পেশাগত উৎকর্ষতা বৃদ্ধি এবং সুষ্ঠু কারা প্রশাসন পরিচালনায় এ ইনসিগনিয়ার যথাযথ ব্যবহার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ইহা কারা মহাপরিদর্শক কর্তৃক প্রদেয়।

**১। ইনসিগনিয়া প্রদানের উদ্দেশ্যঃ**

(I) বন্দি সেবার মান উন্নয়নের মাধ্যমে কারাগারকে প্রকৃতপক্ষে সংশোধনাগারে রূপান্তর করা;

(II) বাংলাদেশ জেল এর সদস্যদের কর্মস্পৃহা কর্মচাঞ্চল্য, মনোবল ও উৎসাহ-উদ্দীপনা বৃদ্ধি করা;

(III) সৃজনশীল ও উদ্ভাবনীমূলক কর্মকান্ড সম্পাদনে উৎসাহিত করা;

(IV) জনবান্ধব, দূর্নীতিমুক্ত ও সেবামুখী কারা প্রশাসন পরিচালনায় ভূমিকা রাখতে উৎসাহিত করা;

(V) অপরাধীকে সংশোধন করে সমাজে পুনর্বাসিত করতে উদ্যোগী হওয়া;

(VI) সাহসিকতামূলক বিশেষ কাজ/প্রশিক্ষণ/সততা/প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলা/খেলাধুলায় অবদান রাখা/অবৈধ কাজ প্রতিরোধ করা।

**২। ইনসিগনিয়া প্রদান পদ্ধতিঃ**

(I) কমিটি কর্তৃক নির্বাচিত ব্যক্তিগন কারা মহাপরিদর্শকের অনুমোদনক্রমে অফিস আদেশ অনুযায়ী ইনসিগনিয়া পরিধান করবেন।

(II) কারা মহাপরিদর্শক কর্তৃক গঠিত কমিটির সুপারিশক্রমে ক্রমিক নং-৪(ঘ), ৪ (ঙ) এবং ৪ (চ) ইনসিগনিয়া প্রদান করা হবে। এ লক্ষ্যে কারা সদর দপ্তরের প্রশাসনিক শাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(III) প্রতি বছর জানুয়ারি এবং জুলাই মাসে বিভিন্ন দপ্তর প্রধান (বিভাগীয়/কেন্দ্রীয়/জেলা কারাগার) কর্তৃক পূর্ববর্তী ৬ মাসের কর্মকাল বিবেচনায় একজন সদস্যকে ইনসিগনিয়া প্রাপ্তির সুপারিশ করার জন্য সদর দপ্তর প্রশাসন শাখায় প্রেরণ করবেন (প্রশিক্ষক এবং বিশেষ গার্ড ইনসিগনিয়া ব্যতীত)।

(IV) প্রশিক্ষক ইনসিগনিয়া প্রদানের ক্ষেত্রে প্রশিক্ষণ কেন্দ্রের দপ্তর প্রধান কোন প্রশিক্ষকের একাধারে ০৬ (ছয়) মাস চাকুরী পূর্তিতে ইনসিগনিয়া প্রাপ্তির সুপারিশ করার জন্য সদর দপ্তর প্রশাসন শাখায় পত্র প্রেরণ করবেন।

(V) বিশেষ গার্ড ইনসিগনিয়া প্রদানের ক্ষেত্রে ৬ মাস সন্তোষজনক চাকুরিকাল শেষে বিশেষ কারাগারের দপ্তর প্রধান ইনসিগনিয়া প্রাপ্তির সুপারিশ করার জন্য সদর দপ্তর প্রশাসন শাখায় পত্র প্রেরণ করবেন।

(VI) কারা মহাপরিদর্শকের দপ্তরে নিয়োজিতদের জন্য ইনসিগনিয়া প্রযোজ্যতা অনুসারে প্রদান করা হবে।

**৩। ইনসিগনিয়া পরিধানের সময়কালঃ**

(I) ইনসিগনিয়া নীতিমালা/২০২৬ অনুযায়ী কারা কর্মকর্তা ও কর্মচারীগণ নির্ধারিত ইনসিগনিয়া পরিধান করবেন;

(II) কারা মহাপরিদর্শক কর্তৃক কোনো নিষেধাজ্ঞা জারি না করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ উক্ত ইনসিগনিয়া চাকরিকালব্যাপী পরিধান করবেন।

**৪। কারা মহাপরিদর্শক কর্তৃক প্রদেয় ইনসিগনিয়া সমূহঃ**

**ক) প্রশিক্ষকদের পরিধানের জন্য ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**

(I) গোল আকৃতির হবে।

(II) চতুর্দিকে নীল বর্ডার সংবলিত হালকা সবুজ রং এর পটভূমিতে সিলভার রংয়ের শিল্ড আকৃতি, যেখানে হালকা লাল, গাঢ় কমলা, হলুদ ও গাঢ় আকাশী দ্বারা চারটি ভাগে বিভক্ত করা থাকবে। লাল অংশে শিক্ষার প্রতীক বই, কমলা অংশে জ্ঞানের প্রতীক কলম এবং শিক্ষার প্রয়োগকে সাদা আলোক রশ্মি দ্বারা বুঝানো হবে। হলুদ অংশে কারাগারের পরিচায়ক লোহার গরাদ এবং গাঢ় আকাশী অংশে মুক্ত আকাশে উড়ন্ত সাদা পায়রার প্রতিকৃতি যা কারা বিভাগের উদ্দেশ্য নির্দেশক।




(III) শিল্ডের নিচে ছোট করে কারা প্রশিক্ষণ কেন্দ্র লেখা থাকবে।

(IV) নিচের অংশে Instructor লিখা থাকবে।

(V) ইনসিগনিয়া পোশাকের বাম পাশে বুক পকেটের উপরে পরিধান করতে হবে।

২। প্রযোজ্যতাঃ

কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট ও কারা প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ কাজে নিয়োজিত সকল কর্মকর্তা/কর্মচারীগণ ০৬ (ছয়) মাস চাকুরী পূর্তিতে পরিধান করবেন।

**খ) বিশেষ গার্ড এ ব্যবহৃত ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**

(I) এন্টিক মেটালের তৈরিকৃত।

(II) ইনসিগনিয়ার মূল অংশে পরস্পর বিপরীতমুখী দুইটি গমের শীষের মধ্যখানে যুদ্ধক্ষেত্রে ব্যবহৃত মাথার বর্মের প্রতিকৃতি সংবলিত থাকবে।

(III) মাথার বর্মের উপরের অংশে সাত পাপড়িযুক্ত মেটালিক রঙের প্রস্ফুটিত
শাপলার প্রতিকৃতি সংযুক্ত থাকবে।

(IV) ইনসিগনিয়ার নিম্নাংশে উড়ন্ত ব্যানার আকৃতির ধাতব ফিতার উপর ইংরেজিতে **"SPECIAL PRISON GUARD" লিখা থাকবে।**

(V) ইনসিগনিয়া পোশাকের ডান পাশে নেমপ্লেটের উপরে পরিধান করতে হবে।




**২) প্রযোজ্যতাঃ**

উক্ত ইনসিগনিয়াটি বিশেষ কেন্দ্রীয় কারাগারের কার্যে নিয়োজিত সদস্যগন এবং কারা মহাপরিদর্শকের প্রটোকলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ ন্যূনতম ০৬ মাস চাকুরীকাল সমাপনান্তে প্রাপ্য হবেন। কারা মহাপরিদর্শকের পরবর্তী নির্দেশনা সাপেক্ষে কোন বিশেষ প্রশিক্ষণ সমাপনান্তে অন্য যে কোনো কারাগারের কর্মকর্তা/কর্মচারীরাও উক্ত শর্ত মোতাবেক এই ইনসিগনিয়া পরিধানে প্রযোজ্য হবেন।

**গ) কারা মহাপরিদর্শক এর দপ্তরে নিয়োজিতদের জন্য ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**

(I) ইনসিগনিয়ার মূল অংশে পরস্পর বিপরীতমুখী দুইটি গমের শীষের মধ্যখানে একটি ক্রস ব্যাটন ও চাবী এবং উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা থাকবে।

(II) ইনসিগনিয়ার নিম্নাংশে উড়ন্ত ব্যানার আকৃতির উপর
ইংরেজিতে **"PRISONS SPECIAL STAFF" লিখা থাকবে।**

(III) ইনসিগনিয়া পোশাকের ডান পাশে নেমপ্লেটের উপরে পরিধান করতে হবে।




**২) প্রযোজ্যতাঃ**

কারা মহাপরিদর্শকের বিশেষ দায়িত্বে নিয়োজিত স্টাফ অফিসার, ব্যক্তিগত সহকারী (ইউনিফর্মধারী) ও দেহরক্ষীগণ উক্ত ইনসিগনিয়া প্রাপ্য হবেন।

**ঘ) প্রশাসনিক দায়িত্বে নিয়োজিত বিশেষ ভূমিকা পালনের জন্য ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**

(I) গোল আকৃতির হবে।

(II) গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাঁড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত একটি ক্রস ব্যাটন ও চাবী এবং উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা থাকবে।

(III) গাঢ় সবুজের বৃত্তের উপরাংশে গাঢ় হলুদ রংয়ের জমিনের উপরে ''কারা মহাপরিদর্শকের পারদর্শিতা স্মারক'' ও নিচে প্রশাসনিক লিখা থাকবে।

(IV) উক্ত ইনসিগনিয়া পোশাকের ডান পাশে বুক পকেটের ফ্লাপের বোতামের উপরে নেমপ্লেটের নিচে পরিধান করতে হবে।



**২) প্রযোজ্যতাঃ** কমিটি নিম্নোক্ত বিষয়সমূহে বিশেষ অবদান পর্যালোচনা করে উক্ত ইনসিগনিয়া প্রদানের জন্য সুপারিশ প্রদান করিবে।

(I) উন্নয়নমূলক কর্মকাণ্ডে কৃতিত্বপূর্ণ অবদান।

(II) যুগোপযোগী প্রশিক্ষণ কার্যক্রমে বিশেষ ভূমিকা পালন।

(III) সরকারি সম্পদ ও সম্পত্তির রক্ষণাবেক্ষণ এবং উদ্ধারে বিশেষ অবদান।

(IV) কারাগার-সংশ্লিষ্ট বিশেষ প্রবন্ধ/জার্নাল প্রকাশ, যা কারা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

(V) কারা প্রশিক্ষণ নীতিমালা প্রণয়ন ও অবকাঠামো উন্নয়নে বিশেষ অবদান।

(VI) কারাগার উন্নয়নে সৃজনশীল ও উদ্ভাবনমূলক কর্মকান্ড সম্পাদনে অসাধারণ অবদান।

**ঙ) আভিযানিক দায়িত্বে নিয়োজিত বিশেষ ভূমিকা পালনের জন্য ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**



(I) গোল আকৃতির হবে।

(II) গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাঁড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত একটি ক্রস ব্যাটন ও চাবী; উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নিচে 'বিডিজে' লেখা মনোগ্রামকে বুঝাইবে।

(III) গাঢ় সবুজের বৃত্তের উপরাংশে মেরুন রংয়ের জমিনের উপরে “ কারা মহাপরিদর্শকের পারদর্শিতা স্মারক” ও নিচে আভিযানিক লিখা থাকবে।

(IV) উক্ত ইনসিগনিয়া পোশাকের ডান পাশে বুক পকেটের ফ্লাপের বোতামের উপরে নেমপ্লেটের নিচে পরিধান করতে হবে।

**২) প্রযোজ্যতাঃ** কমিটি নিম্নোক্ত বিষয়সমূহে বিশেষ অবদান পর্যালোচনা করে উক্ত ইনসিগনিয়া প্রদানের জন্য সুপারিশ প্রদান করিবে।

(I) কারাগারে সংঘটিত যে কোনো দুর্যোগ/ঘটনায় জানমাল রক্ষার্থে ঝুঁকি গ্রহণ করে অসীম সাহসিকতাপূর্ণ অবদান।

(II) অপারেশনাল কার্যক্রমে সফল ও দুঃসাহসিক নেতৃত্ব প্রদান।

(III) কারাগারে সংঘটিত যে কোনো দুর্ঘটনা/বিদ্রোহ/বিশৃঙ্খলা দমনে অসামান্য বীরত্বপূর্ণ অবদান।

(IV) সরকারি সম্পদ ও বন্দির জীবন রক্ষার্থে অসামান্য অবদান।

**চ) বন্দি ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত বিশেষ ভূমিকা পালনের জন্য ইনসিগনিয়া**

**১) বর্ণনাঃ**



(I) গোল আকৃতির হবে।

(II) গাঢ় সবুজ জমিনে বৃত্তাকার মনোগ্রামের উভয় পার্শ্বে পাট পাতা (মাঝখানে শিরদাঁড়ার উভয় পার্শ্বে চৌদ্দটি পাতা) বেষ্টিত একটি ক্রস ব্যাটন ও চাবী; উহার উপরিভাগে প্রস্ফুটিত জাতীয় ফুল শাপলা এবং নিচে 'বিডিজে' লেখা মনোগ্রামকে বুঝাইবে।

(III) গাঢ় সবুজের বৃত্তের উপরাংশে সাদা রংয়ের জমিনের উপরে “ কারা মহাপরিদর্শকের পারদর্শিতা স্মারক” ও নিচে বন্দি ব্যবস্থাপনা লিখা থাকবে।

(IV) উক্ত ইনসিগনিয়া পোশাকের ডান পাশে বুক পকেটের ফ্লাপের বোতামেরউপরে নেমপ্লেটের নিচে পরিধান করতে হবে।

**২) প্রযোজ্যতাঃ** কমিটি নিম্নোক্ত বিষয়সমূহে বিশেষ অবদান পর্যালোচনা করে উক্ত ইনসিগনিয়া প্রদানের জন্য সুপারিশ প্রদান করিবে।

(I) কারা বিভাগের সার্বিক উন্নয়নে সৃজনশীল ও উদ্ভাবনমূলক কর্মকান্ড সম্পাদনে অসামান্য অবদান।

(II) বন্দি সেবাপ্রত্যাশীদের সেবা প্রদানে বিশেষ অবদান।

(III) উৎপাদনমুখী কর্মকান্ডের মাধ্যমে উল্লেখযোগ্য অবদান।

(IV) কারাগারে নিষিদ্ধ দ্রব্য প্রবেশ রোধ ও উদ্ধারে অনুকরণীয় অবদান।

**৫। অনান্য নির্দেশাবলীঃ**

(I) ক্রমিক নং ৪ (ঘ) , ৪ (ঙ) এবং ৪ (চ) এর ইনসিগনিয়া প্রাপ্তদের জন্য বিশেষ সার্টিফিকেট ও একটি মূল ইনসিগনিয়া প্রাপ্য হবেন।

(II) এ সংক্রান্ত প্রযোজ্য অফিস আদেশ কারা সদর দপ্তর এর প্রশাসনিক শাখা হতে Publish হবে।

(III) যদি কেউ উপরোক্ত ৩ প্রকারের ইনসিগনিয়া প্রাপ্ত হন সেক্ষেত্রে বুক পকেটের ফ্লাপের বোতামের উপরে নেমপ্লেটের নিচে ডান পাশ থেকে ক্রমানুসারে আভিযানিক, প্রশাসনিক ও বন্দি ব্যবস্থাপনা ইনসিগনিয়া পরিধান করবেন।

২৬/০৪/২৫

সৈয়দ মো: মোতাহের হোসেন
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
বাংলাদেশ, ঢাকা
ফোন-৫৭৩০০৪৪৪